গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন অধিশাখা-৩
www.plandiv.gov.bd

স্মারক নং- ২০.০০.০০০০.৩০৪.১১.০১৬.২২- ৮৭৭

তারিখঃ ১৫ কার্তিক, ১৪২৯
৩১ অক্টোবর, ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতভুক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পূরণযোগ্য পদের নাম, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্যের বিবরণ নিম্নরূপ:

| পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১। সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ০৪ (চার) টি | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>গ) বাংলা ও ইংরেজি সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ গতিসম্পন্ন;<br>ঘ) বাংলা ও ইংরেজি কম্পিউটার টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ গতিসম্পন্ন। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২। সর্টার | ০১ (এক) টি | ৮,৫০০-২০,৫৭০/- (গ্রেড-১৯) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ। | ঢাকা, গাজিপুর, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, চাঁদপুর, কুমিল্লা, লক্ষ্মীপুর, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, মাগুরা, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, ভোলা, বরগুনা, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>এছাড়া সকল বিভাগের সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী আবেদন করতে পারবেন। |
| ৩। অফিস সহায়ক | ০৮ (আট) টি | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | |

**শর্তাবলী:**

১। ০১/১০/২০২২ খ্রিঃ তারিখে ন্যূনতম বয়স ১৮ বছর এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯, তারিখঃ ২২/০৯/২০২২ খ্রিঃ মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখে প্রার্থীর সর্বোচ্চ

বয়সসীমা:

ক) সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ৩০ বছর।

খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর।

গ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর।

ঘ) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

চলমান পাতা-০২

৩। ক) নিয়োগ বিজ্ঞপ্তির ১ এবং ৩নং ক্রমিকে বর্ণিত পদসমূহ "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত ২০২০)" দ্বারা নিয়ন্ত্রিত হবে।

খ) নিয়োগ বিজ্ঞপ্তির ২নং ক্রমিকে বর্ণিত পদ "পরিকল্পনা বিভাগ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫" দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৪। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৫। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ সরাসরি আবেদন করতে পারবেন। তবে, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের মূলকপি দাখিল করতে হবে।

৬। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৭। চাকরির জন্য আবেদন আগামী ০৬ নভেম্বর, ২০২২ তারিখ সকাল ১০.০০ টা হতে ২০ নভেম্বর, ২০২২ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

৮। লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শনপূর্বক অতিরিক্ত ০১ (এক)সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রসহ ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ;

গ) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;

ঘ) সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সিল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদ, বাংলাদেশ গেজেট এবং লাল মুক্তিবার্তার সত্যায়িত ফটোকপি;

জ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

ঝ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র।

৯। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি বিধান এবং পরবর্তীতে এতদসংক্রান্ত বিধি-বিধান কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১১। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

১২। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কোন প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের সরকারি হাসপাতাল থেকে নিজ নিজ তত্ত্বাবধানে ডোপ টেষ্ট করাতে হবে। উক্ত টেষ্ট পজিটিভ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

১৫। এ নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) এবং www.plandiv.teletalk.com.bd এই ওয়েবসাইটে পাওয়া যাবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময়সূচি এবং ফলাফল পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) প্রকাশ করা হবে এবং পরীক্ষার সময়সূচি এসএমএস এর মাধ্যমেও জানানো হবে।

১৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

চলমান পাতাঃ০৩

১৯। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://plandiv.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

**আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

i) Online- এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৬ নভেম্বর ২০২২ সকাল ১০:০০ টা।

ii) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০ নভেম্বর, ২০২২ বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online- আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি ( দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User Id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী ডাউনলোডপূর্বক প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুটি) SMS করে টেলিটক এর সার্ভিস চার্জসহ পরীক্ষার ফি বাবদ ক্রমিক ১নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা, ক্রমিক ২নং পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক ৩নং পদের জন্য ১০০/- (একশত) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS : PLANDIV <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PLANDIV ABCDEF

Reply : Applicant's Name, Tk. 100/- Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PLANDIV Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS PLANDIV <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PLANDIV YES 12345678

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for PLANDIV Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxx xxx)

চ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: PLANDIV <space> Help <space> User <space> User ID & Send to 16222
Example: PLANDIV Help User 12345678 Send to 16222
ii) PIN Number জানা থাকলে: PLANDIV <space> Help <space> PIN <space> PIN No & Send to 16222
Example: PLANDIV Help PIN 12345678 Send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.quary@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(সামিহা ফেরদৌসী)
উপসচিব
প্রশাসন অধিশাখা-৩
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
পরিকল্পনা বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩২১.২৭.০১১.১৬.-৬৬৭

তারিখঃ ০৮ কার্তিক, ১৪২৯ / ২০ অক্টোবর, ২০২২

**বিষয়ঃ পরিকল্পনা বিভাগের ১৩-২০ গ্রেডের শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক প্রেরিত টেস্টলিংক যাচাই সম্পর্কিত।**

সূত্রঃ প্রশাসন অধিশাখা-৩ এর ২০.০০.০০০০.৩০৪.১১.০১৭.২২-৬৩২, তারিখঃ ১২ অক্টোবর, ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, পরিকল্পনা বিভাগের ১৩-২০ গ্রেডের শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে টেলিটক বাংলাদেশ লিমিটেড (টিবিএল) কর্তৃক প্রেরিত টেস্টলিংক http://test108.teletalk.com.bd/plandiv_new/index.php সংযুক্ত নমুনা মোতাবেক যাচাই করা হয়েছে। টেস্টলিংক যাচাইকৃত প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসংগে প্রেরণ করা হলো।

পরিকল্পনা বিভাগ
প্রশাসন অধিশাখা-৩
ডায়েরী নং ৬৮৯
তারিখঃ ২৩/১০/22

(মঈন উদ্দিন ইকবাল) 20/10/22
সিনিয়র সহকারী সচিব ও
আহবায়ক
টেস্টলিংক যাচাই কমিটি
পরিকল্পনা বিভাগ

সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
পরিকল্পনা বিভাগ

নং- ২০.০০.০০০০.৩২১.২৭.০১১.১৬.-৬৬৭/১(২).

তারিখঃ ০৮ কার্তিক, ১৪২৯ / ২০ অক্টোবর, ২০২২

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১) উপ সচিব (প্রশাসন-৩), পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
২) সংশ্লিষ্ট নথি।

যুগ্মসচিব (প্রশাসন) এর দপ্তর
নং..........তারিখ..........
উপসচিব (প্রশাসন ০১/৩/৪.......... ☐
উপসচিব/সিঃসহঃ সচিব/সহকারী সচিব.......... ☐
সিঃ সহকারী সচিব (প্রশাসন-২).......... ☐
সিনিয়র সিস্টেম এনালিস্ট .......... ☐
বিওএন্যান্য .......... ☐
বিবেচিত/মতামত .......... ☐
স্বাক্ষরঃ..........

(মঈন উদ্দিন ইকবাল) 20/10/22
সিনিয়র সহকারী সচিব

<u>টেস্টলিংক যাচাই প্রতিবেদন</u>

-২৩৩

পরিকল্পনা বিভাগের ১৩-২০ তম গ্রেডের ০৩ ক্যাটাগরির ১৩টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে অনলাইনে আবেদন গ্রহণের নিমিত্ত টেলিটক বাংলাদেশ লিমিটেড হতে প্রদত্ত টেস্ট লিংক "http://test108.teletalk.com.bd/plandiv_new/index.php" যাচাই করে নিম্নোক্ত তথ্যাদি পাওয়া গেছে।

| ক্র: নং | পদের নাম | যাচাই এর ধরণ | যাচাই সংক্রান্ত মতামত |
|---|---|---|---|
| ০১. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | সর্বশেষ সার্কুলার অনুযায়ী বয়স, জেলা, শিক্ষাগত যোগ্যতা | যাচাইঅন্তে সঠিক পাওয়া গিয়াছে |
| ০২. | সর্টার | সর্বশেষ সার্কুলার অনুযায়ী বয়স, জেলা, শিক্ষাগত যোগ্যতা, কোটা | যাচাইঅন্তে সঠিক পাওয়া গিয়াছে |
| ০৩. | অফিস সহায়ক | সর্বশেষ সার্কুলার অনুযায়ী বয়স, জেলা, শিক্ষাগত যোগ্যতা, কোটা | যাচাইঅন্তে সঠিক পাওয়া গিয়াছে |

**বিঃ দ্রঃ** সর্টার ও অফিস সহায়ক পদে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন মর্মে যাচাইঅন্তে সঠিক পাওয়া গিয়াছে।

20/10/2022
মোঃ শরিফ মিয়া
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
পরিকল্পনা বিভাগ

20/10/2022
মোঃ এরশাদ আলী
ব্যক্তিগত কর্মকর্তা
পরিকল্পনা বিভাগ

20/10/2022
জুবায়ের আহমদ জালালী
প্রশাসনিক কর্মকর্তা
পরিকল্পনা বিভাগ

20/10/2022
এ. এস. এম লুৎফুল হাবিব
গবেষণা কর্মকর্তা
পরিকল্পনা বিভাগ

20/10/22
মঈন উদ্দিন ইকবাল
সিনিয়র সহকারী সচিব
পরিকল্পনা বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি-২ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৬২

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/ দপ্তর এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে জনবল নিয়োগের ক্ষেত্রে "পরীক্ষা ফি" নিম্নরূপ ভাবে পুন:নির্ধারণ করা হলো:

| ক্রমিক | পদের গ্রেড | "পরীক্ষা ফি" হার (টাকা) |
|---|---|---|
| ১ | ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেড (নন ক্যাডার) | ৬০০/- (ছয়শত) |
| ২ | ১০ম গ্রেড | ৫০০/- (পাঁচশত) |
| ৩ | ১১তম এবং ১২ তম গ্রেড | ৩০০/- (তিনশত) |
| ৪ | ১৩তম থেকে ১৬তম গ্রেড | ২০০/- (দুইশত) |
| ৫ | ১৭তম থেকে ২০ তম গ্রেড | ১০০/-(একশত) |

শর্তাবলি:

ক) টেলিটক বাংলাদেশ লিমিটেডের মাধ্যমে অনলাইনে আবেদন ও "পরীক্ষা ফি" গ্রহণ করা যাবে এবং "পরীক্ষা ফি" বাবদ সংগৃহীত অর্থের সর্বোচ্চ ১০% কমিশন হিসেবে টেলিটক বাংলাদেশ লিমিটেডকে প্রদান করা যাবে;

খ) টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক "পরীক্ষা ফি" বাবদ অর্থ গ্রহণের পরবর্তী ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে ব্যাংক চেকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে জমা প্রদানের পর উক্ত প্রতিষ্ঠান অবিলম্বে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করবে, তবে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান প্রয়োজনীয় ক্ষেত্রে উক্ত অর্থ নিজস্ব ব্যাংক হিসেবে জমা করতে পারবে;

গ) "অনলাইন আবেদন" গ্রহণ না করা হলে "পরীক্ষা ফি" বাবদ অর্থ চালানের মাধ্যমে গ্রহণ করতে হবে। তবে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যাংক ড্রাফট/পে অর্ডারে এ অর্থ গ্রহণ করতে পারবে;

ঘ) "পরীক্ষা ফি" বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের "১৩ ডিজিট প্রাতিষ্ঠানিক কোড" এবং "০৭ ডিজিট নতুন অর্থনৈতিক কোড ১৪২২৩২৬" এ অটোমেটেড চালানে সরকারি কোষাগারে জমা করতে হবে; এবং

ঙ) কোন প্রতিষ্ঠান ম্যানুয়াল চালানে (টিআর ফরম) "পরীক্ষা ফি" জমা করতে চাইলে "১- প্রাতিষ্ঠানিক কোড (চার অংক বিশিষ্ট)-পরিচালনা কোড (চার অংক বিশিষ্ট)-অর্থনৈতিক কোড (২০৩১)" এ জমা করতে হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

22/09/2022

(মোছাঃ নারগিস মুরশিদা)
উপসচিব
ফোনঃ ৯৫১৪৪৮৭

নং-০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৬২

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য